



মোঃ মাকরুজ্জামান

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

ইমেইল:prompa6@gmail.com

ওয়েব সাইট: www.mpa.gov.bd

ফেইজবুক পেইজ: মোংলা বন্দর সংবাদ “Mongla Port New”

“সংবাদ বিজ্ঞপ্তি”

মোংলা বন্দরে ‘শ্রমদান কর্মসূচী’ উদ্বোধন

২০২২-২০২৩ সনের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় মোংলা বন্দর কর্তৃপক্ষের ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনাভূক্ত কর্ম পরিবেশ উন্নয়ন’ কার্যক্রমের মধ্যে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির আওতায়। ০৪ ফেব্রুয়ারী, ২০২৩ খ্রি. তারিখ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় বন্দর সদর দপ্তরের সামনে আয়োজিত ‘শ্রমদান কর্মসূচী’র শুভ উদ্বোধন করেন মোংলা বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী, ওএসপি, এনপিপি, এনডিসি, পিএসসি। এছাড়া এসময়ে উপস্থিত ছিলেন বন্দর কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) মোঃ শাহীনের আলম, কালাচাঁদ সিংহ, সচিব (বোর্ড ও জনসংযোগ) এবং মোঃ সিদ্দিকুর রহমান, প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা ও মোংলা বন্দরের কর্মকর্তা ও কর্মচারীগণ।

উদ্বোধনী অনুষ্ঠানে বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে বলেন, মোংলা বন্দরের ভাবমূর্তি অক্ষুন্ন রাখার স্বার্থে বন্দরের সকল সদর দপ্তরসহ বিভিন্ন বিভাগ/কোষ ও বিভাগের আওতাধীন দপ্তর ও দপ্তর সংলগ্ন এলাকা সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

স্বাক্ষরিত/-

উপসচিব